

শিক্ষক ফোরামের সংবাদ সম্মেলন

**বাক্বি উপাচার্যের
বিরুদ্ধে স্বেচ্ছাচারিতার
অভিযোগ, পদত্যাগ দাবি**

■ বাক্বি সংবাদদাতা
নৈতিক স্থলন, নারী কেলেক্টারি,
স্বেচ্ছাচারিতা ও দুর্নীতির অভিযোগে
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের
(বাক্বি) উপাচার্য অধ্যাপক ড.
রফিকুল হকের পদত্যাগ দাবি করেছে
বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থি
শিক্ষকদের সংগঠন গণতান্ত্রিক শিক্ষক
ফোরাম। বৃহস্পতিবার বেলা সাড়ে
১১টার দিকে বিশ্ববিদ্যালয় শিক্ষক-
ছাত্র কেন্দ্রের (টিএসসি) ডাকফ
সংগঠনটি আয়োজিত সংবাদ
সম্মেলনে ওই দাবি করা হয়। উপাচার্য
পদত্যাগ না করা পর্যন্ত আন্দোলন
চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন
সংগঠনটির নেতাকর্মীরা। এর আগে
ক্যাম্পাসে মানববন্ধন করেন তারা।

ফোরামের সভাপতি অধ্যাপক ড.
এ কে এম শামসুদ্দীনের সভাপতিত্বে ও
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ড.
মোহাম্মদ মনিরুজ্জামানের সঞ্চালনায়
সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ
করেন অধ্যাপক ড. একেএম জাকির
হোসেন। সংবাদ সম্মেলনে উপস্থিত
ছিলেন অধ্যাপক ড. মো. আফজাল
হোসেন, অধ্যাপক ড. মো. আবদুর
রহমান সররপর প্রমুখ। এ ব্যাপারে
উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল
হক, সাংবাদিকদের বলেন, 'আমার
বিরুদ্ধে ষড়যন্ত্র চলছে। শিক্ষকরা
আমার পদ থেকে আমাকে উৎখাতের
চেষ্টা চালাচ্ছেন।